সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬১৩]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৫: তাহাজ্জুদের প্রতি উৎসাহ দান করা

باب التَّرْغِيبِ فِي قِيَامِ اللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ، قال: حَدَّثَنَا عَمِّي، قال: حَدَّثَنَا أَبِي، عَنِ ابْنِ إِسْحَاقَ، قال: حَدَّثَنِيحَكِيمُ بْنُ حَكِيمِ بْنِ عَبَّادِ بْنِ حُنَيْفٍ، عَنْ مُحَمَّدِ بْنِ مُسْلِمِ بْنِ شِهَابٍ، عَنْ عَلِيِّ بْنِ حُسَيْنٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِعَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، قال: دَخَلَ عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَى فَاطِمَةَ مِنَ اللَّيْلِ فَأَيْقَظَنَا لِلصَّلَاةِ، ثُمَّ رَجَعَ إِلَى بَيْتِهِ فَصَلَّى هَوِيًّا مِنَ اللَّيْلِ فَلَمْ يَسْمَعْ لَنَا حِسًّا، فَرَجَعَ إِلَيْنَا فَأَيْقَظَنَا، فَقَالَ: قُومَا فَصَلِّيَا ، قَالَ: فَجَلَسْتُ وَأَنَا أَعْرُكُ عَيْنِي وَأَقُولُ: إِنَّا وَاللَّهِ مَا نُصَلِّي إِلَّا مَا كَتَبَ اللَّهُ لَنَا إِنَّمَا أَنْفُسُنَا بِيَدِ اللَّهِ فَإِنْ شَاءَ أَنْ يَبْعَثَنَا بَعَثَنَا، قَالَ: فَوَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَقُولُ وَيَضْرِبُ بِيَدِهِ عَلَى فَخِذِهِ: مَا نُصَلِّي إِلَّا مَا كَتَبَ اللَّهُ لَنَا وَكَانَ الإِنْسَانُ أَكْثَرَ شَيْءٍ جَدَلا سورة الكهف آية 54 .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٦١٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1613 - صحيح

বাংলা

১৬১২. ‘উবায়দুল্লাহ ইবনু সা'দ ইবনু ইব্রাহীম ইবনু সা'দ (রহ.) ..... ‘আলী ইবনু হুসায়ন-এর দাদা ‘আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) এক রাতে আমার এবং ফাত্বিমাহ্ (রাঃ) -এর কাছে এসে আমাদের তাহাজ্জুদের সালাত আদায় করার জন্যে জাগিয়ে দিলেন। অতঃপর নিজের ঘরে গিয়ে দীর্ঘ রাত তাহাজ্জুদের সালাত আদায় করেন এবং আমাদের কোন সাড়া শব্দ না পেয়ে পুনরায় আমাদের জাগিয়ে দিয়ে গেলেন। তিনি

(সা.) বললেন, তোমরা উভয় জাগ্রত হয়ে যাও এবং (তাহাজ্জুদের) সালাত আদায় কর। ‘আলী (রাঃ) বলেন, আমি দু' চোখ রগড়াতে রগড়াতে বসে পড়ে বললাম, আল্লাহর কসম! আমরা তো আল্লাহ তা'আলা যা আমাদের ওপর ফরয করেছেন তাছাড়া অন্য কোন সালাত আদায় করি না। আমাদের প্রাণ তো আল্লাহ তা'আলার হাতে, যখন তিনি তা আমাদের কাছে পাঠিয়ে দিতে চান পাঠিয়ে দেন। আলী (রাঃ) বলেন, তিনি উরুতে হাত মেরে মেরে এ কথা বলতে বলতে চলে গেলেন যে, আল্লাহ তা'আলা আমাদের ওপর যা ফরয করেছেন, তাছাড়া অন্য কোন সালাত আদায় করি না কিন্তু মানুষ অধিকাংশ বিষয়েই বিতর্ককারী”- (সূরাহ আল কাহফ ১৮: ৫৪)।

English

Encouragement to pray Qiyam Al-Lail

It was narrated from Ali bin Husain, from his father, that: Hs grandfather Ali bin Abi Talib said: The Messenger of Allah (ﷺ) came in to Fatimah and I, one night and woke us up to pray, then he went back to his house and prayed for part of the night, and he did not hear any movement from us. He came back to us and woke us up, and said: 'Get up and pray.' I sat up, rubbing my eyes, and said: 'By Allah, we will only pray that which has decreed for us; our souls are in the hand of Allah (SWT) and if He wants to make us get up, He will make us get up.' The Messenger of Allah (ﷺ) turned away, striking his hand on his thigh, saying: 'We will only pray that which Allah (SWT) has decreed for us! But man is ever more quarrelsome than anything.'

ফুটনোট

সহীহ: বুখারী ১১২৭, মুসলিম ৭৭৫, সহীহ আদাবুল মুফরাদ ৭৪৯, ইবনে খুযায়মাহ ১১৩৯-১১৪০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90108

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন